দৈনিক
ইত্তেফাক

১৪

তারিখ ... 18 AUG ১৯৯৬
পৃষ্ঠা

## বরিশাল মেডিকেল কলেজ ৭ দিনের জন্য বন্ধ

বরিশাল অফিস ॥ শেরে বাংলা মেডিকেল কলেজ ৭ দিনের জন্য বন্ধ ঘোষণা করা হইয়াছে। গতকাল (শনিবার) কলেজ একাডেমীক কাউন্সিলের মুলতবী সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। অধ্যক্ষ করিম মোল্লা সভায় সভাপতিত্ব করেন। ছাত্রছাত্রীদের গতকাল বিকাল ৬টার মধ্যে

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## বরিশাল মেডিকেল

(১ম পৃঃ পর)

ছাত্রাবাস ত্যাগের নির্দেশ দানের পর তাহারা ছাত্রাবাস ত্যাগ করে।

বৃহস্পতিবার রাতে ছাত্রলীগ ও ছাত্রদলের মধ্যে রক্তক্ষয়ী সংঘর্ষের পর কলেজ বন্ধের সিদ্ধান্ত গৃহীত হয়।

এ সিদ্ধান্ত প্রদানের পর ছাত্রদল অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা ও ছাত্রলীগ কলেজ বন্ধ না দেওয়ার জন্য একাডেমীক কাউন্সিলের উপর চাপ দেয়। তখন একাডেমীক কাউন্সিলের সদস্যরা তাহাদের সিদ্ধান্ত না মানিলে একযোগে পদত্যাগের কথা ঘোষণা করেন। পরে ছাত্ররা ঐ সিদ্ধান্ত মানিয়া নেয়।

এদিকে ছাত্রদল ও ছাত্রলীগ মেডিকেল কলেজ শাখা বৃহস্পতিবারের সংঘর্ষের প্রেক্ষিতে পৃথক পৃথক মামলা দায়ের করিয়াছে। ও, সি জানান, ছাত্রলীগের মামলার সাথে মেডিকেল সার্টিফিকেট নাই এ কারণে মামলা এখনও গৃহীত হয় নাই। অন্য মামলাটি রেকর্ড হইয়াছে।